



একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



স্মারক নং :- ৫৭.১৭.০০০০.২০১.০৫.২১.০০৪

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের (স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ তারিখঃ ১৩ জুন, ২০২১ খ্রি.) প্রজ্ঞাপনের আলোকে মূল টেকনোলজির আওতায় পুনঃবিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজির পঠিত বিষয়সমূহের বিষয়ভিত্তিক বিষয়বস্তুর ন্যূনতম ৬৫% মিল বা সমতা থাকলে ইমার্জিং টেকনোলজি হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে বোর্ডের প্রোগ্রাম সমতুল্যতা কমিটির সুপারিশের আলোকে ইমার্জিং টেকনোলজির সংশ্লিষ্ট মূল টেকনোলজির সমতুল্যতা সনদ প্রাপ্ত হবেন এবং পঠিত বিষয়সমূহের বিষয়ভিত্তিক বিষয়বস্তুর ন্যূনতম ৬৫% মিল বা সমতা না থাকলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত মেক-আপ কোর্স সম্পন্ন করে উত্তীর্ণ হলে সমতুল্যতা সনদ প্রাপ্ত হবেন। মূল টেকনোলজির সাথে ৬৫% মিল বা সমতা নেই এমন ইমার্জিং টেকনোলজি হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতুল্যতা সনদ প্রাপ্তির জন্য নিম্নে ছকে বর্ণিত প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব প্রতিষ্ঠানে Login করে Online এর মাধ্যমে আগামী ২৭ ডিসেম্বর, ২০২১ খ্রি. হতে ০৩ জানুয়ারী, ২০২২ খ্রি. তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে মেক-আপ কোর্সে নিবন্ধন (বোর্ডের ওয়েবসাইটে অনলাইন রেজিস্ট্রেশন ব্লকের “Diploma -In-Engineering Allied Registration” লিঙ্কের মাধ্যমে) সম্পন্ন করে আগামী ০৬ জানুয়ারী ২০২২ খ্রি. তারিখের মধ্যে বোর্ড নির্ধারিত ফি জমা দান এর ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

মেক-আপ কোর্সের জন্য নির্ধারিত পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের নাম:

ক্রম	নাম	মন্তব্য
১.	ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।	টেকনোলজি থাকা সাপেক্ষে মেক-আপ কোর্স করা যাবে।
২.	ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।	
৩.	চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, চট্টগ্রাম।	
৪.	ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট, ময়মনসিংহ।	
৫.	খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা।	
৬.	বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল।	
৭.	সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট	
৮.	রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী।	
৯.	বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া	
১০.	রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।	

সংযুক্তিঃ

- ১। Make-up কোর্স এর নীতিমালা-২০২২।
- ২। Make-up কোর্স এর কোর্স স্ট্রাকচার।

স্বাক্ষরিত/-

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

অধ্যক্ষ

অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট /ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট /চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট /ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট /খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট /বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট /সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট /রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট /বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট /রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট।